
DEC. 1 4 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...



## বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের নয়া উপাচার্য

দেশের বিশিষ্ট কৃষি শিক্ষাবিদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফসল উদ্ভিদবিদ্যা বিভাগের প্রফেসর ড. এম এ হালিম খান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন। তিনি ১২ই ডিসেম্বর বুধবার এ পদে দায়িত্ব নিয়েছেন।

ড. এম এ হালিম খান ১৯৪৮ সালে টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। ড. খান ১৯৭৪ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ফসল উদ্ভিদবিদ্যা বিভাগে শিক্ষক হিসেবে যোগ গেন। এর পূর্বে তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাব-ডিভিশনাল এগ্রিকালচার অফিসার (জুট প্রোডাকশন) পদে ৪ বছর ২ মাস দায়িত্ব পালন করেন। তিনি ১৯৭০ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে এম. এসসি (এজি) ডিগ্রি এবং ১৯৮১ সালে কোপেনহেগেনের রয়েল ভেটেরিনারী অ্যান্ড এগ্রিকালচারাল ইউনিভার্সিটি থেকে পি. এইচডি ডিগ্রিলাভ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।